

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩

সদর দপ্তর: শিবপুর, সীতাকুন্ড, চট্টগ্রাম

Email: ctgpbs3sitakunda@gmail.com, Website : www.pbs3.chittagong.gov.bd

স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫৬৮.০১.০৩৮.২৪. ২৬৬

তারিখঃ ১১ জানুয়ারি ২০২৪ খ্রি.
২৭ পৌষ ১৪৩০ ব.

বিষয়:- বার্ষিক সাধারণ সভার বার্ষিক প্রতিবেদন ছাপানোর দরপত্র (RFQ) আহ্বান প্রসঙ্গে।

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে নিম্নবর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী বার্ষিক প্রতিবেদন মুদ্রনের জন্য বাংলাদেশের প্রকৃত প্রস্তুতকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটারহেড প্যাডে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত কোটেশন আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	মালামালের বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	বার্ষিক প্রতিবেদন সাইজঃ ১০ X ৭.৫ ইঞ্চি কভার ও ব্যাক পেইজ ৩০০ গ্রাম আর্ট কার্ড, ম্যাট স্পট লেমিনেশন, ভিতরের পাতা ১২০ গ্রাম আর্ট পেপার, ফোর কালার ছাপা, কভার পেইজ ব্যতিত ১৬ পৃষ্ঠা এবং কভার ও ব্যাক পেইজ ২০ পৃষ্ঠা।	৮০০ টি		
	মোট:	৮০০ টি		
		ডিসকাউন্ট (যদি থাকে)		
		ডিসকাউন্টসহ মোট মূল্য		
কথায়:				

শর্তাবলীঃ-

০১। দরপত্র আগামী ১৮/০১/২০২৪খ্রি. তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে চট্টগ্রাম পবিস-৩, সদর দপ্তর, সীতাকুন্ড, চট্টগ্রাম অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনার পরিচালন (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোনো দরপত্র গ্রহণ করা হবে না। দাখিলকৃত দরপত্রসমূহ একই দিনে বেলা ১২:০৫ ঘটিকায় বাপবিবো সদর দপ্তরে ও পবিসের সদর দপ্তরে দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। দরপত্রের খামের উপর “বার্ষিক প্রতিবেদন সরবরাহের দরপত্র” কথাটি স্পষ্টভাবে লিখতে হবে।

০৩। দরদাতা প্রতিষ্ঠানকে দরপত্রের সাথে তাহার চলতি ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন সনদ ও হালনাগাদ আয়কর ক্লিয়ারেন্সের সত্যায়িত (নাম, পদবী সীলসহ) ফটোকপি দাখিল করতে হবে। দরপত্রে অবশ্যই দরদাতার স্বাক্ষর ও সীলমোহর থাকতে হবে।

০৪। অফারকৃত আইটেমের স্পেসিফিকেশন প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দাখিল করতে হবে।

০৫। মালামাল সরবরাহে বিলম্ব ঘটিলে সরবরাহকৃত মালামালের চুক্তিমূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হইবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তিমূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হইবে না।


০৬। মালামাল সরবরাহের পর পবিস কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে গুনগত মান যাচাই করা হইবে। সরবরাহকৃত মালামালে গুনগত মান মানসম্পন্ন না হইলে সমিতি কর্তৃক কোন ক্রমেই গ্রহণ করা হইবে না।

০৭। সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহ এবং সংশ্লেষনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হইবে এবং সরকারী নিয়মানুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে ভ্যাট ও আয়কর কর্তন করা হইবে।

০৮। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকিলে/ব্যাখ্যার প্রয়োজন হইলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিত ভাবে অনুরোধ করিতে হইবে।


০৯। চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-৩ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১০। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হইলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হইবে।


(মৃদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি এবং নোটিশবোর্ড ও ওয়েবসাইটে বহল প্রচারের অনুরোধসহ)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দক্ষিণাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবো, চট্টগ্রাম।
- ০৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম/ পুলিশ সুপার, চট্টগ্রাম।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৬। মেয়র, সীতাকুন্ড / মীরসরাই/ বাইরেয়ারহাট/ হাটহাজারী পৌরসভা, চট্টগ্রাম।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, চট্টগ্রাম।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ, চট্টগ্রাম।
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সীতাকুন্ড / মীরসরাই/ হাটহাজারী, চট্টগ্রাম।
- ১০। ডিজিএম (সদর-কারিগরি)/ মীরসরাই / বাইরেয়ারহাট/হাটহাজারী জোনাল অফিস।
- ১১। এজিএম (মানব সম্পদ/ইএন্ডসি/ওএন্ডএম/এমএস/অর্থ)।
- ১২। এজিএম (আইটি) (ওয়েবসাইট ও বাপবিবোতে প্রেরণ নিশ্চিত করবেন)।
- ১৩। নোটিশ বোর্ড / অফিস কপি


(মৃদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার